# স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

১। **এমএসসি ইন অ্যাভিয়েশন সেফটি অ্যান্ড অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন (MSc in Aviation Safety and Accident Investigation)**

ক। **শিক্ষাগত যোগ্যতার বিবরণঃ**

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমূল্য দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণী/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশকৃত অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

এবং

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমূল্য দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণী/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে বিজ্ঞান বিভাগে (গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়নসহ) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(২) ইউজিসি স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগের যেকোন বিষয়ে কমপক্ষে ০৪ (চার) বছরের স্নাতক ডিগ্রী অথবা স্নাতকোত্তরসহ ০৩ (তিন) বছরের স্নাতক ডিগ্রী/ প্রকৌশল বিভাগের যেকোন বিষয়ে ০৪ (চার) বছরের বিএসসি ডিগ্রী থাকতে হবে। উল্লেখিত বিএসসি ডিগ্রীতে কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.৫০ অথবা ৪.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

খ। **চাকুরীর অভিজ্ঞতার বিবরণঃ** অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন/ ইন্ডাস্ট্রিয়াল সেফটি/অ্যাভিয়েশন সেফটি এবং অ্যাভিয়েশন সেক্টরে কাজের অভিজ্ঞতাকে ভর্তির ক্ষেত্রে প্রাধান্য দেয়া হবে।